# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৪৮১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৩. যাতে উযু নষ্ট হয় এবং (স্ত্রীকে) স্পর্শ করা ও চুমা দেয়া

بَاب صِفَةِ مَا يَنْقُضُ الْوُضُوءَ ، وَمَا رُوِيَ فِي الْمُلامَسَةِ وَالْقُبْلَةِ

---

আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا عَلِيُّ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْوَرَّاقُ ، نَا عَاصِمُ بْنُ عَلِيٍّ ، نَا أَبُو أُوَيْسٍ ، حَدَّثَنِي هِشَامُ بْنُ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ؛ أَنَّهَا بَلَغَهَا قَوْلُ ابْنِ عُمَرَ : " فِي الْقُبْلَةِ الْوُضُوءُ " . فَقَالَتْ : كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يُقَبِّلُ وَهُوَ صَائِمٌ ، ثُمَّ لا يَتَوَضَّأُ " ، لا أَعْلَمُ حَدَّثَ بِهِ عَنْ عَاصِمِ بْنِ عَلِيٍّ هَكَذَا غَيْرَ عَلِيِّ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، وَذَكَرَهُ ابْنُ أَبِي دَاوُدَ ، قَالَ : نَا ابْنُ الْمُصَفَّى ، ثَنَا بَقِيَّةُ ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مُحَمَّدٍ ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ، عَنْ عَائِشَةَ ؛ أَنَّ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَالَ : " لَيْسَ فِي الْقُبْلَةِ وُضُوءٌ

বাংলা

৪৮১(১০). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তার নিকট ইবনে উমার (রাঃ) এর উক্তি “চুমা দিলে উযু করতে হবে” পৌঁছলে তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রোযা অবস্থায় তার স্ত্রীকে চুমা দিতেন কিন্তু তিনি (পুনরায়) উযু করতেন না।

(দারাকুতনী বলেন) আমি জানি না, আলী ইবনে আবদুল আযীয (রহঃ) ব্যতীত অপর কেউ আসেম ইবনে আলী (রহঃ) থেকে এই হাদীস এভাবে বর্ণনা করেছেন কিনা। এই হাদীস ইবনে আবু দাউদ উল্লেখ করে বলেন, আমি ইবনুল মুসাফফা-বাকিয়া-আবদুল মালেক ইবনে মুহাম্মাদ-হিশাম ইবনে উরওয়া-তার পিতা-আয়েশা (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ “চুমা দিলে উযু করতে হবে না”।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80270

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন